গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
বাজেট-১ শাখা
www.mohfw.gov.bd

**বিষয়ঃ** বাজেট ব্যবস্থাপনা কমিটির ২০২১-২২ অর্থ বছরের সংশোধিত বাজেট এর সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব লোকমান হোসেন মিয়া<br>সিনিয়র সচিব |
| সভার তারিখ | ঃ | ১২-০১-২০২২খ্রি. |
| সভার সময় | ঃ | বেলা ২.০০ টা |
| সভার স্থান | | মন্ত্রণালয়ের সভাকক্ষ। |
| উপস্থিত কর্মকর্তাগনের তালিকা | ঃ | পরিশিষ্ট-'ক' তে সন্নিবেশ করা হয়েছে। |

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভাকে অবহিত করেন, শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল এর জন্য ১০ কোটি টাকা, পটুয়াখালী হাসপাতালের জন্য ০৮ কোটি টাকা, নোয়াখালী হাসপাতালে জেনারেটর স্থাপন বাবদ ০৭ কোটি টাকা এবং ফরিদপুর মেডিকেল কলেজ হাসপাতালের জন্য ১০ কোটি টাকা বরাদ্দের জন্য অবহিত করেন। নোয়াখালী মেডিকেল কলেজ হাসপাতালের প্রশাসনিক কর্মকর্তা (চঃদাঃ) ঠিকাদারের সাথে ওমরা হজ্জ করার বিষয়টি সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচার হওয়ায় তাকে সাময়িক বরখাস্ত করার নির্দেশনা প্রদান করেন। এছাড়া ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের পারিপার্শ্বিক পরিবেশ অপরিষ্কার থাকায় পরিষ্কার-পরিচ্ছন্ন/ মেরামত কাজ পর্যবেক্ষণ করার জন্য অতিরিক্ত সচিব, (উন্নয়ন অনুবিভাগ) -কে দায়িত্ব প্রদান করার জন্য নির্দেশনা প্রদান করেন।

২। সভাপতি মহোদয় সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য অতিরিক্ত সচিব (বাজেট)-কে অনুরোধ করেন। অতিরিক্ত সচিব (বাজেট) অর্থ মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বাজেট পরিপত্রের আলোকে বাজেট অনুবিভাগ থেকে গৃহীত কার্যক্রম সংক্ষেপে উল্লেখপূর্বক বাজেট ওয়ার্কিং গ্রুপের (BWG) ৩০.১২.২০২২খ্রি. তারিখে অনুষ্ঠিত সভায় গৃহীত সুপারিশসমূহ অনুমোদনের জন্য পেশ করেন। তিনি বলেন, স্বাস্থ্য অধিদপ্তরের অধীন ৪২তম বিসিএস (স্বাস্থ্য) এর মাধ্যমে নিয়োগ প্রাপ্ত হয়ে ৪০০০ জন চিকিৎসক যোগদান করবেন। তাহাদের বেতন ভাতা বাবদ ২৯,১১,৬৮,০০০/- (উনত্রিশ কোটি এগার লক্ষ আটষট্টি হাজার) টাকা এবং নার্সিং ও মিডওয়াইফারীর অধীনে মে ২০২১-এ ১৪০১ জন মিডওয়াইফ ও ডিসেম্বর ২০২১-এ ৮,১২৮ জন সিনিয়র স্টাফ নার্স নিয়োগ করা হয়। উক্ত মিডওয়াইফ ও সিনিয়র স্টাফ নার্সদের জুন ২০২২ পর্যন্ত বেতন-ভাতা বাবদ (৫৫,৭৬,৪৩,৪০০+১৬০,৩৪,০০,৪০০)=২১৬,১০,৪৩,৮০০/- টাকা প্রয়োজন। তাছাড়া ১১/০৫/২০১১ তারিখে সকল ক্যাটাগরির নার্সকে ২য় শ্রেণীর পদ মর্যাদা প্রদান করায় ২,৯৯৮ জন সিনিয়র স্টাফ নার্সের ১২/০৫/২০১৫ তারিখে চার বছর পূর্তিতে সিলেকশন গ্রেডের বকেয়া প্রদানের জন্য ১৩৬,৩৯,৩৫,০০০/- টাকাসহ মোট (২৯,১১,৬৮,০০০+২১৬,১০,৪৩,৮০০+১৩৬,৩৯,৩৫,০০০)= ৩৮১,৬১,৪৬,৮০০/- (তিনশত একাশি কোটি একষট্টি লক্ষ ছেচল্লিশ হাজার আটশত) টাকা অতিরিক্ত বরাদ্দের জন্য অর্থ বিভাগে ডিও পত্র প্রেরণ করা প্রয়োজন। তিনি আরও বলেন, জেনারেল হাসপাতালসমূহে ৩১,৫৬,০১,০০০ এবং জেলা হাসপাতালসমূহে ৮২,১৭,৩৬,০০০/- টাকাসহ মোট অব্যয়িত অর্থ ১১৩,৭৩,৩৭,০০০/- (একশত তের কোটি তিয়াত্তর লক্ষ সাঁইত্রিশ হাজার) টাকা। চাহিদা অনুযায়ী বিভিন্ন হাসপাতাল/স্বাস্থ্য প্রতিষ্ঠানে স্থানান্তর/পুন:উপযোজন করা প্রয়োজন। এছাড়া ২০২১-২২ অর্থ বছরের সংশোধিত বাজেটে আইবাস++ এ এন্ট্রির কার্যক্রম সম্পন্ন করা হয়েছে মর্মে সভাকে অবহিত করেন।

৪। অতিরিক্ত সচিব (পরিকল্পনা) বলেন, এমটিবিএফ এর আওতাধীন ৩ বছরে উন্নয়ন বাজেটে যে সিলিং রয়েছে তাতে চলমান সেক্টর কর্মসূচী এবং প্রকল্পসমূহ বাস্তবায়ন করে নতুন প্রকল্প গ্রহণের জন্য পর্যাপ্ত নয় বলে দেখা যাচ্ছে। চলমান ৪র্থ এইচপিএনএসপি এবং প্রকল্পের সংশোধন কার্যক্রম চলমান রয়েছে। উক্ত সংশোধনী সমূহে প্রকল্প ব্যয় বৃদ্ধি হবে, ফলে চলমান প্রকল্পসমূহ বাস্তবায়নের পাশাপাশি নতুন উন্নয়ন প্রকল্প গ্রহণের জন্য উন্নয়ন সিলিং বৃদ্ধির প্রয়োজন হবে। এদিকে অনুমোদিত নতুন প্রকল্পের জন্য থোক বরাদ্দ মোট সিলিং এর ৫% এর বেশী রাখা যায় না। ফলে নতুন প্রকল্প অনুমোদনের জন্য প্রয়োজনীয় বরাদ্দ সংস্থান এইচপিএনএসপি এ থাকা প্রয়োজন। এ জন্য উন্নয়ন সিলিং বৃদ্ধি এবং নতুন প্রকল্প অনুমোদিত হলে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ পাওয়া যাবে মর্মে অর্থ বিভাগের নিশ্চয়তা প্রয়োজন। এ নিশ্চয়তা প্রদানের লক্ষ্যে স্বাস্থ্য সেবা বিভাগের সিনিয়র সচিব মহোদয় অর্থ বিভাগে ডিও পত্র প্রেরণের জন্য অনুরোধ করেন।

৫। এপিএ সমন্বয়ক ও উপসচিব (প্রশাসন-২) ২০২১-২০২২ অর্থবছরের এপিএ'র অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। যে সকল সূচকের অর্জন সন্তোষজন নয় সে সকল বিষয়ে আলোচনা হয়। সভাপতি বিভিন্ন সূচক নির্ধারিত সময়ে সমাপ্ত করা এবং যথাযথ প্রমাণক সংরক্ষণ করার বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করার পরামর্শ প্রদান করেন। পাশাপাশি মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক যেভাবে প্রমাণক দাখিল করতে বলা হয় সেভাবেই প্রমাণক দাখিলের ব্যবস্থা গ্রহণ করার নির্দেশনা প্রদান করেন। এ বিষয়ে অতিরিক্ত সচিব (প্রশাসন) জানান, প্রতিটি সূচকের বিপরীতে একটি সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা প্রণয়ন করে তা বাস্তবায়নের ব্যাপারে গুরুত্বারোপ করতে হবে। যে সকল সূচকের অর্জন এখনো আশানুরূপ হয়নি বা কার্যক্রম শুরু করা হয়নি তা বাস্তবায়নের ব্যাপারে সকলকে কাজ করার আহবান জানান। সভায় আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

৬। সিদ্ধান্তঃ

| নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | জেনারেল হাসপাতালসমূহে ৩১,৫৬,০১,০০০ এবং জেলা হাসপাতালসমূহে ৮২,১৭,৩৬,০০০/- টাকাসহ মোট অব্যয়িত অর্থ ১১৩,৭৩,৩৭,০০০/- (একশত তের কোটি তিয়াত্তর লক্ষ সাঁইত্রিশ হাজার) টাকা প্রয়োজন/চাহিদা অনুযায়ী বিভিন্ন হাসপাতাল/স্বাস্থ্য প্রতিষ্ঠানে স্থানান্তর/পুন:উপযোজন করা প্রয়োজন। | জেলা হাসপাতালসমূহ, জেনারেল হাসপাতালসমূহ এবং অন্যান্য প্রতিষ্ঠান থেকে প্রত্যাহারকৃত অব্যয়িত অর্থ বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠানসমূহের অনুকূলে চাহিদা অনুযায়ী সমন্বয়/স্থানান্তর করা হবে। | বাজেট অনুবিভাগ |
| ২. | ৪২তম বিসিএস (স্বাস্থ্য) এর মাধ্যমে নিয়োগ প্রাপ্ত হয়ে ৪০০০ জন চিকিৎসক যোগদান করবেন। তাহাদের বেতন ভাতা বাবদ ২৯,১১,৬৮,০০০/- (উনত্রিশ কোটি এগার লক্ষ আটষট্টি হাজার) টাকা এবং সকল ক্যাটাগরির নার্সকে ২য় শ্রেণীর পদ মর্যাদা প্রদান করায় সিলেকশন গ্রেডের বকেয়া বাবদ ১৩৬,৩৯,৩৫,০০০/-টাকা মিডওয়াইফ এবং সিনিয়র স্টাফ নার্সের বেতন-ভাতা বাবদ (৫৫,৭৬,৪৩,৪০০+১৬০,৩৪,০০,৪০০)=২১৬,১০,৪৩,৮০০/- টাকাসহ মোট (২৯,১১,৬৮,০০০+২১৬,১০,৪৩,৮০০+১৩৬,৩৯,৩৫,০০০)= ৩৮১,৬১,৪৬,৮০০/- (তিনশত একাশি কোটি একষট্টি লক্ষ ছেচল্লিশ হাজার আটশত) টাকা অতিরিক্ত বরাদ্দের জন্য অর্থ বিভাগে ডিও পত্র প্রেরণ করা প্রয়োজন। | ৪২তম বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারে নিয়োগকৃত ৪০০০ জন কর্মকর্তার বেতন ভাতাদি এবং ২,৯৯৮+৬০০ জন নার্সের সিলেকশন গ্রেড, নিয়োগকৃত ১৪০১ জন মিডওয়াইফারীর এবং ৮,১৪৪ জন নার্সের বেতন-ভাতাদিসহ মোট ৩৮১,৬১,৪৬,৮০০/- (তিনশত একাশি কোটি একষট্টি লক্ষ ছেচল্লিশ হাজার আটশত) টাকার ডিও পত্র প্রেরণ করতে হবে; | বাজেট অনুবিভাগ |
| ৩. | পটুয়াখালী জেনারেল হাসপাতালে বিদ্যুৎ সংযোগের জন্য ৮ (আট) কোটি টাকা, শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল, বরিশাল চিকিৎসা ও শল্য চিকিৎসা সরঞ্জামাদি খাতে ১৫ কোটি টাকা, এবং ফরিদপুর মেডিকেল কলেজ হাসপাতালের জন্য স্টোর রুম তৈরীর জন্য ১০ কোটি টাকা বরাদ্দ প্রয়োজন। | প্রতিষ্ঠানসমূহের চাহিদার প্রেক্ষিতে বরাদ্দ প্রদান করা হবে। | উন্নয়ন অনুবিভাগ |
| ৪. | আব্দুল মালেক উকিল মেডিকেল কলেজ, নোয়াখালী জেনারেটর স্থাপন বাবদ ০৭ কোটি টাকা বরাদ্দ প্রয়োজন। | জেনারেটর স্থাপনের জন্য মেরামত বাবদ বরাদ্দ করতে হবে। পরিচালন বাজেটে মেরামত খাতে বরাদ্দকৃত অর্থ দ্বারা। | উন্নয়ন অনুবিভাগ |
| ৫. | এমটিবিএফ এর আওতাধীন ৩ বছরে উন্নয়ন বাজেটে যে সিলিং রয়েছে তাতে চলমান সেক্টর কর্মসূচী এবং প্রকল্পসমূহ বাস্তবায়ন করে নতুন প্রকল্প গ্রহণের জন্য পর্যাপ্ত নয় বলে দেখা যাচ্ছে। চলমান ৪র্থ এইচপিএনএসপি এবং প্রকল্পের সংশোধন কার্যক্রম চলমান রয়েছে। উক্ত সংশোধনী সমূহে প্রকল্প ব্যয় বৃদ্ধি হবে, ফলে চলমান প্রকল্পসমূহ বাস্তবায়নের পাশাপাশি নতুন উন্নয়ন প্রকল্প গ্রহণের জন্য উন্নয়ন সিলিং বৃদ্ধির প্রয়োজন হবে। এদিকে অনুমোদিত নতুন প্রকল্পের জন্য থোক বরাদ্দ মোট সিলিং এর ৫% এর বেশী রাখা যায় না। ফলে নতুন প্রকল্প অনুমোদনের জন্য প্রয়োজনীয় বরাদ্দ সংস্থান এইচপিএনএসপি এ থাকা প্রয়োজন। এ জন্য উন্নয়ন সিলিং বৃদ্ধি এবং নতুন প্রকল্প অনুমোদিত হলে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ পাওয়া যাবে মর্মে অর্থ বিভাগের নিশ্চিয়তা প্রয়োজন। এ নিশ্চয়তা প্রদানের লক্ষ্যে স্বাস্থ্য সেবা বিভাগের সিনিয়র সচিব মহোদয় অর্থ বিভাগের ডিও পত্র প্রেরণের জন্য অনুরোধ করেন। | নতুন প্রকল্প অনুমোদিত হলে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ পাওয়া যাবে মর্মে অর্থ বিভাগের নিশ্চিয়তা প্রয়োজন। এ নিশ্চয়তা প্রদানের লক্ষ্যে স্বাস্থ্য সেবা বিভাগের সিনিয়র সচিব মহোদয় অর্থ বিভাগে ডিও পত্র প্রেরণ করতে হবে। | পরিকল্পনা অনুবিভাগ |
| ৬. | ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের পারিপার্শ্বিক পরিবেশ অপরিষ্কার থাকায় পরিষ্কার-পরিচ্ছন্ন/মেরামত কাজ সম্পন্ন করতে হবে। | ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের পরিষ্কার-পরিচ্ছন্ন/ মেরামত কাজ তদারকি করার জন্য একজন অতিরিক্ত সচিবকে দায়িত্ব প্রদান করা যেতে পারে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) অনুবিভাগ |
| ৮. | উপজেলা হাসপাতালে চক্ষু চিকিৎসা সেবা সম্প্রসারণ বিষয়ে বলেন ইতিমধ্যে চট্টগ্রাম ও বরিশাল বিভাগে ৪০টি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে কমিউনিটি ভিশন সেন্টার স্থাপনের লক্ষ্যে ৪০ জন সিনিয়র স্টাফ নার্সকে অনলাইনের মাধ্যমে এবং ২০ জন সিনিয়র স্টাফ নার্সকে হাতে-কলমে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। আরো ৪০ জন সিনিয়র স্টাফ নার্স এর অনলাইনের মাধ্যমে এবং ২০ জন সিনিয়র স্টাফ নার্স হাতে-কলমে প্রশিক্ষণ কর্মসূচী চলমান। মোট ৮০ জন প্রশিক্ষণার্থীকে এনআইও ওপি থেকে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। প্রশিক্ষণ কার্যক্রম শেষ হলে উক্ত সূচকটি বাস্তবায়ন করা হবে। | ৪৫টি উপজেলায় ভিশন সেন্টার স্থাপনের কর্মপরিকল্পনা প্রেরণ করতে হবে। আগামী এপ্রিল ২০২২ এর মধ্যেই সূচকটি বাস্তবায়ন করতে হবে। | প্রবা-২, স্বাস্থ্য সেবা বিভাগ ও ন্যাশনাল আই কেয়ার, DGHS |

| নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৯. | ইতোমধ্যে ৪টি লার্নিং সেশন সম্পন্ন হয়েছে। জানুয়ারি মাসে আরও ২টি লার্নিং সেশন আয়োজন করা হবে। মার্চ ২০২২ এর মধ্যে অবশিষ্ট লার্নিং সেশন করা সম্ভব হবে। | আগামী মার্চ ২০২২ এর মধ্যে এ সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন করতে হবে। | প্রশাসন ২/৪, এইচআরএম/এপিএ সমন্বয়ক |
| ১০. | অটিজম ও নিউরো-ডেভেলপমেন্টাল ডিসঅর্ডারে আক্রান্ত শিশুদের জন্য প্রতিষ্ঠিত শিশু বিকাশ কেন্দ্রে চিকিৎসা প্রদানকৃত রোগীর সংখ্যা (ভিজিটের ভিত্তিতে) বিষয়ে জানানো হয় এ পর্যন্ত ৩৫২৩৭ জন রোগীকে চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। করোনার কারণে রোগীর সংখ্যা কম ছিল। এখন তুলনামূলক রোগীর সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। অর্ধ-বার্ষিক প্রতিবেদনে সূচকটি বাস্তবায়ন সন্তোষজনক নয়। | স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক সূচকের টার্গেট বাস্তবায়নে একটি কর্মপরিকল্পনা গ্রহণপূর্বক আগামী এপ্রিল ২০২২ এর মধ্যে সন্তোষজনক অগ্রগতি বৃদ্ধি করতে হবে। | অটিজম সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, HSM, DGHS |
| ১১. | গবেষণা কার্যক্রম সম্পাদিত বিষয়ে জানানো হয় বিষয় নির্ধারণ করা হয়েছে। | ১০টি গবেষণা বাস্তবায়ন কার্যক্রমের অগ্রগতি প্রেরণ করতে হবে। এপ্রিল ২০২০ এর মধ্যে বাস্তবায়ন করতে হবে। | HEU & DGHS |
| ১২. | নার্সদের খসড়া কর্মপরিধি চূড়ান্ত করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। বর্তমানে মন্ত্রণালয়ে অধিকতর পরীক্ষা-নিরীক্ষা চলছে। | নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করতে হবে। | অতিরিক্ত সচিব (নার্সিং ও মিডওয়াইফারি অনুবিভাগ) DGNM, নার্সিং সেবা-১ শাখা, স্বাস্থ্য সেবা বিভাগ |
| ১৩. | ই-পিআই কার্যক্রম মনিটরিং বিষয়ে জানানো হয় ৫টি মনিটরিং সম্পন্ন হয়েছে। বাকী ১৫টি নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন হয়ে যাবে। | পরিদর্শন শেষে প্রতিবেদনের একটি কপি অবশ্যই এপিএ টিমের নিকট দাখিল করতে হবে। মার্চ ২০২২ এর মধ্যে কার্যক্রম সম্পন্ন করতে হবে। | মনিটরিং স্বাস্থ্য প্রতিষ্ঠান, স্বাস্থ্য সেবা বিভাগ, DGHS |
| ১৪. | সহকারী সার্জন হতে তদূর্ধ্ব (সহকারী পরিচালক/সিভিল সার্জন, উপ পরিচালক ও ৬ষ্ঠ গ্রেডে) ইতোমধ্যে ০৯ জনকে পদোন্নতি প্রদান করা হচ্ছে। শূণ্য পদ হলেই পদোন্নতি প্রদান করা হবে। | স্বাস্থ্য সেবা বিভাগ ও স্বাস্থ্য অধিদপ্তর সমন্বিতভাবে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | পার-২ শাখা, স্বাস্থ্য সেবা বিভাগ ও স্বাস্থ্য অধিদপ্তর |
| ১৫. | জুনিয়র কনসালটেন্ট ও সিনিয়র কনসালটেন্টদের পদোন্নতি কার্যক্রম অব্যহত রয়েছে। | স্বাস্থ্য সেবা বিভাগ ও স্বাস্থ্য অধিদপ্তর সমন্বিতভাবে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | পার-৩ শাখা, স্বাস্থ্য সেবা বিভাগ ও স্বাস্থ্য অধিদপ্তর |
| ১৬. | সহকারী অধ্যাপক ও সহযোগী অধ্যাপক পদে ইতোমধ্যে ২০ জনকে পদোন্নতি প্রদান করা হচ্ছে। শূণ্য পদ হলেই পদোন্নতি প্রদান করা হবে। | স্বাস্থ্য সেবা বিভাগ ও স্বাস্থ্য অধিদপ্তর সমন্বিতভাবে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | পার-২ শাখা, স্বাস্থ্য সেবা বিভাগ ও স্বাস্থ্য অধিদপ্তর |
| ১৭. | গ্রেড ৩ ভুক্ত অধ্যাপক ও পরিচালক পদে ইতোমধ্যে ৪৮ জনকে পদোন্নতি প্রদান করা হয়েছে। শূণ্য পদ হলেই পদোন্নতি প্রদান করা হবে। | স্বাস্থ্য সেবা বিভাগ ও স্বাস্থ্য অধিদপ্তর সমন্বিতভাবে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | পার-১/২ শাখা, স্বাস্থ্য সেবা বিভাগ |
| ১৮. | হাসপাতালের সকল প্রকার ক্রয় কার্যে স্বচ্ছতা আনয়নের জন্য ইলেকট্রনিক পদ্ধতিতে ক্রয় (ই-জিপি) কার্যক্রম চালু করতে হবে। | সংশ্লিষ্টদের জন্য প্রশিক্ষনের আয়োজন করতে হবে। আগামী ১৫/০১/২০২২ তারিখে সংশ্লিষ্টদের নিয়ে সভা আহবান করতে হবে। প্রয়োজনে হাসপাতাল অনুবিভাগকে সম্পৃক্ত করতে হবে। | প্রশাসন অনুবিভাগ ও স্বাস্থ্য অধিদপ্তর |
| ১৯. | মেডিকেল কলেজ হাসপাতালে ১০ শয্যা বিশিষ্ট ICU স্থাপনের বিষয়ে জানানো হয় ৭টির কাজ শুরু হয়েছে। | অগ্রগতি রিপোর্ট প্রেরণ করতে হবে। কর্মপরিকল্পনা প্রণয়ন করে সে অনুযায়ী কার্যক্রম আগামী এপ্রিল ২০২২ এর মধ্যে বাস্তবায়ন করতে হবে। | উন্নয়ন অনুবিভাগ, DGHS,PWD |
| ২০. | বিভাগীয় শহরে হৃদরোগ,ক্যান্সার ও কিডনী ইউনিট নির্মাণের বিষয়ে জানানো হয় ৫% কার্যক্রম বাস্তবায়ন হয়েছে। | অগ্রগতি রিপোর্ট প্রেরণ করতে হবে। | উন্নয়ন অনুবিভাগ, পরিকল্পনা অনুবিভাগ প্রকল্প পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর। |
| ২১. | জেলা সদর হাসপাতালে ১০ শয্যা বিশিষ্ট ICU স্থাপনের বিষয়ে জানানো হয়। ১৩টি জেলা সদর হাসপাতালে অবকাঠামো শুরু হয়েছে। বাকী ৭টির অবকাঠামো উন্নয়নের জন্য টেন্ডার আহ্বান করা হয়েছে। | অগ্রগতি রিপোর্ট প্রেরণ করতে হবে। কর্মপরিকল্পনা প্রণয়ন করে সে অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। | উন্নয়ন অনুবিভাগ, প্রকল্প পরিচালক,কোভিড-১৯ ইআরপিপি প্রকল্প, স্বাস্থ্য অধিদপ্তর। |
| ২২. | পাবনা মানসিক হাসপাতালকে আধুনিকায়ন এবং বিভাগীয় মেডিকেল কলেজের মানসিক রোগ ইউনিট শক্তিশালীকরণ প্রকল্পের ফিজিবিলিটি স্টাডি সম্পন্ন হয়েছে। গত ২৮/১১/২০২১ইং তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী পুনরায় রিপোর্ট প্রেরণ করতে নির্দেশনা প্রদান করা হয়েছে। | আগামী ৩১ জানুয়ারি ২০২২ এর মধ্যে কার্যক্রমের একটি অগ্রগতি প্রতিবেদন দাখিল করতে হবে। | স্বাস্থ্য অধিদপ্তর |

| নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২৩. | জেলা সদর হাসপাতালে ২০ শয্যা বিশিষ্ট কোভিড Isolation unit স্থাপনের বিষয়ে জানানো হয় কোভিড-১৯ ইআরপিপি প্রজেক্ট এর অধীনে ২০ টি জেলা সদর হাসপাতালে ২০ শয্যা বিশিষ্ট কোভিড Isolation unit স্থাপনের নকশা অনুমোদিত হয়েছে। | আগামী ৩১ জানুয়ারি ২০২২ এর মধ্যে সূচক বাস্তবায়ন কার্যক্রমের একটি অগ্রগতি প্রতিবেদন দাখিল করবেন। | উন্নয়ন অনুবিভাগ, প্রকল্প পরিচালক,কোভিড-১৯ ইআরপিপি প্রোজেক্ট, PWD, স্বাস্থ্য অধিদপ্তর |
| ২৪. | ইডিসিএল এর মান নিশ্চিতকরণ বিভাগ (QA) কর্তৃক কাঁচামাল এবং ফিনিস প্রোডাক্টের নমুনা পরীক্ষাকরণ কার্যক্রম পরিদর্শন সংক্রান্ত। | কমিটি গঠন করে পরিদর্শন কার্যক্রম সম্পন্ন করতে হবে। পরিদর্শন প্রতিবেদনের কপি এপিএ টিমের নিকট দাখিল করতে হবে। | ঔষধ প্রশাসন অনুবিভাগ ও EDCL |

৭। (ক) সভায় উপস্থিত সকলের পরামর্শ/মতামতের আলোকে সংশোধন, সংযোজন-বিয়োজনপূর্বক ২০২১-২০২২ অর্থবছরের এপিএ'র অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন অনুমোদন করা হয়।

(খ) আব্দুল মালেক উকিল মেডিকেল কলেজ, নোয়াখালীর প্রশাসনিক কর্মকর্তা (চঃদাঃ), জনাব মোঃ কামরুল ইসলাম ঠিকাদারের সাথে ওমরা পালন করেন। যা সরকারি চাকুরীর বিধিমালা পরিপন্থী। তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা নেওয়ার জন্য সিনিয়র সচিব মহোদয় নির্দেশনা প্রদান করেন। উল্লেখ্য তিনি বর্তমানে আইএসটি (IST), বগুড়াতে কর্মরত আছেন। এ বিষয়ে প্রশাসন অনুবিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৮। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
১৩-০১-২০২২খ্রি.
(লোকমান হোসেন মিয়া)
সিনিয়র সচিব

তারিখঃ ১৩-০১-২০২২খ্রিঃ

নং ৪৫.১৩৯.০২০.০০.০০.০০১.২০১৮-৩৬

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন/হাসপাতাল/নার্সিং ও মিডওয়াইফারী/বিশ্বস্বাস্থ্য ও জনস্বাস্থ্য/আর্থিক ব্যস্থাপনা ও অডিট/ঔষধ প্রশাসন ও আইন/পরিকল্পনা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট/ঔষধ প্রশাসন অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৪। যুগ্মসচিব (সরকারি ব্যবস্থাপনা অধিশাখা/প্রশাসন অধিশাখা/বাজেট-১/২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৫। ব্যবস্থাপনা পরিচালক, এশেনশিয়াল ড্রাগ কোম্পানী লিমিটেড।
৬। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
৭। উপসচিব (বাজেট-৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৯। উপসচিব (প্রশাসন-২ অধিশাখা) ও এপিএ সমন্বয়ক, স্বাস্থ্য সেবা বিভাগ।
১০। উপসচিব (প্রশাসন-১/প্রশাসন-৪/প্রকল্প বাস্তবায়ন-২) / পার-২ স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১১। চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ, মহাখালী, ঢাকা।
১২। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভার কার্যবিবরণী ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১৩। ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।
১৪। সহকারী সচিব (সিবিএমই শাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১৫। সহকারী প্রোগ্রামার, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১৬। হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

১৩/০১/2022
(সুশীল কুমার পাল)
সিনিয়র সহকারী সচিব (বাজেট-১)
ফোনঃ ৯৫৪৫৯২৭

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

১। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২। অতিরিক্ত সচিব (বাজেট)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।